



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫১৮/মাধ্য-পরী/২০০১/২৫৮০

তারিখ : ০৩/০৭/২০২৪খ্রি.

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী মাধ্যমিক পরীক্ষা শাখা হতে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ০৮/০৭/২০২৪ ও ০৯/০৭/২০২৪

সময় : সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত

একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণের স্থান : ৩ নং ভবনের ৪র্থ তলা (লিফট-৪)

জেলাওয়ারি বিতরণের তারিখ:

ক্রমিক	জেলার নাম	বিতরণের তারিখ
১	ঢাকা মহানগর, ঢাকা জেলা, নারায়ণগঞ্জ, গাজীপুর, টাংগাইল, ফরিদপুর ও রাজবাড়ী	০৮/০৭/২০২৪ (সোমবার)
২	মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ ও কিশোরগঞ্জ	০৯/০৭/২০২৪ (মঙ্গলবার)

তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের (শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না) মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র চেয়ারম্যান বা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে, অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭ (সাত) দিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

বিদ্র: নির্দিষ্ট তারিখ ব্যতীত অন্য তারিখে একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে না।



প্রফেসর মোঃ আবুল বাশার


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

  
03.7.24